

# সমকাল

## সাংবাদিকতার ২৫ শিক্ষক ফ্যাস্ট চেকিং প্রশিক্ষণ পেলেন

প্রকাশ: ১৩ মে ২৩ | ২৩:১১ | আপডেট: ১৩ মে ২৩ | ২৩:১১

### বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ছবি: সংগৃহীত

দেশের ২৩টি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের ২৫ জন শিক্ষক ফ্যাস্ট চেকিং বিষয়ে প্রশিক্ষণ নিয়েছেন। ইউরোপীয় ইউনিয়ন ও ইন্টার নিউজের সহায়তায় দুই দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করেছে সেন্টার ফর কমিউনিকেশন অ্যান্ড ডেভেলপমেন্ট অব বাংলাদেশ (সিসিডি বাংলাদেশ)। শুক্রবার ও শনিবার ঢাকার একটি হোটেলে এই কর্মশালা হয়।

প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে শিক্ষকেরা বলেন, সংবাদমাধ্যমগুলোর বিশ্বাসযোগ্যতা বাড়াতে প্রতিটি প্রতিষ্ঠানে নিজস্ব ফ্যাস্ট-চেকার থাকাটা জরুরি। ফ্যাস্ট চেকিংকে ক্যারিয়ার হিসেবে নেওয়ার সুযোগ বাড়ছে সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীদের।

কর্মসূচিতে উপস্থিত ছিলেন ইন্টার নিউজের কান্ট্রি ডিরেক্টর শামীম আরা শিউলি ও সিসিডি  
বাংলাদেশের পরিচালক জি এম মুরতুজা।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৮০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com